# দেশের বিভিন্ন স্থানে
# ৬টি নগর মাতৃসদন এবং
# ১০টি নগর স্বাস্থ্যকেন্দ্র

শুভ উদ্বোধন করেন

## শেখ হাসিনা

**মাননীয় প্রধানমন্ত্রী**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

*২৬ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ*
*১১ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ*



৩ তলা বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র ভবন

৬ তলা বিশিষ্ট নগর মাতৃসদন ভবন

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

## পটভূমি

দেশের আপামর সাধারণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান সরকার বেশ কিছু যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে। বিশেষ করে পল্লী অঞ্চল, যেখানে দেশের সিংহভাগ মানুষ বাস করে, সেসব অঞ্চলে স্বাস্থ্য সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে ইতোপূর্বে কমিউনিটি ক্লিনিক স্থাপন করা হয়েছে। একইভাবে দেশের নগরাঞ্চলে বসবাসকারী অপেক্ষাকৃত দরিদ্র জনগোষ্ঠি ও জীবিকার অন্বেষণে আসা মানুষের জন্য স্বাস্থ্যসেবা কার্যক্রম সম্প্রসারণ ও মান উন্নয়নের লক্ষ্যে "আরবান প্রাইমারী হেলথ-কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রকল্প" নামে একটি প্রকল্প সরকার বাস্তবায়ন করেছে। এর অন্যতম লক্ষ্য হচ্ছে শহরের দরিদ্র জনগণ বিশেষ করে নারী ও শিশুদের প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করা। ২০১২ সালের ২৪ জুলাই একনেকে প্রকল্পটি অনুমোদন লাভ করে।

এই প্রকল্পের আওতায় সারাদেশে ১০ টি ৬ তলা বিশিষ্ট নগর মাতৃসদন ভবন ও ১৯ টি ৩ তলা বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হয়েছে। ৫১ টি নগর স্বাস্থ্যকেন্দ্র ও ৯ টি নগর মাতৃসদন ভবনের মেরামতসহ ৪ টি নগর স্বাস্থ্যকেন্দ্রের সম্প্রসারণ কাজও করা হয়েছে এই প্রকল্পের আওতায়। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এসব স্বাস্থ্য সেবাদানকারী ভবনগুলো নির্মাণ করেছে।

বিভিন্ন সুযোগ সুবিধা সম্বলিত এসব মাতৃসদন ও স্বাস্থ্যকেন্দ্রগুলোকে রোগী সেবাবান্ধব কেন্দ্র হিসেবে নির্মাণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এগুলোর মধ্যে ৬ টি নগর মাতৃসদন ভবন ও ১০ টি নগর স্বাস্থ্যকেন্দ্রের শুভ উদ্বোধন করছেন আজ। এগুলো হচ্ছে –

## নগর মাতৃসদন

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার সিএস, প্লট-২০৯, জহুরাবাদ, মিরপুর-১, ৬ তলা ভবন বিশিষ্ট নগর মাতৃসদন
- গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার দক্ষিণ কোলার বাজার ধীরাশ্রম ৬ তলা ভবন বিশিষ্ট নগর মাতৃসদন
- রংপুর সিটি কর্পোরেশন এলাকার পূর্ব খাসবাগ ৬ তলা ভবন বিশিষ্ট নগর মাতৃসদন
- কিশোরগঞ্জ পৌর এলাকার হারুয়া ৬ তলা ভবন বিশিষ্ট নগর মাতৃসদন
- কুষ্টিয়া পৌর এলাকার মিলের পাড়া ৬ তলা ভবন বিশিষ্ট নগর মাতৃসদন
- গোপালগঞ্জ পৌর এলাকার পৌরসভা কমপাউন্ড ৬ তলা ভবন বিশিষ্ট নগর মাতৃসদন

## নগর স্বাস্থ্যকেন্দ্র

- গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার নীলের পাড়া ৩ তলা ভবন বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র
- কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকার সদর দক্ষিণ কমলাপুর ৩ তলা ভবন বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র
- কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকার বাউবন্দ সদর দক্ষিণ ৩ তলা ভবন বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র
- কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকার ধুলিপাড়া দক্ষিণ রসুলপুর ৩ তলা ভবন বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র
- রংপুর সিটি কর্পোরেশন এলাকার এরশাদ নগর ৩ তলা ভবন বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র
- রংপুর সিটি কর্পোরেশন এলাকার নতুন জুমাপাড়া ৩ তলা ভবন বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র
- কুষ্টিয়া পৌর এলাকার বারাদি ৩ তলা ভবন বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র
- কুষ্টিয়া পৌর এলাকার বড়খাদা ৩ তলা ভবন বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র
- কিশোরগঞ্জ পৌর এলাকার প্রকাশ বত্রিশ নুরানী ৩ তলা ভবন বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ্র
- কিশোরগঞ্জ পৌর এলাকার তারাপাশা (সাতাল) ৩ তলা ভবন বিশিষ্ট নগর স্বাস্থ্যকেন্দ

বর্তমান সরকারের রূপকল্প ২০২১ এ উল্লিখিত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা ও টেকসই উন্নয়ন অভিলক্ষ্য অর্জনে এসব স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো নতুন আশার সঞ্চার করেছে। এসব অবকাঠামো নির্মাণের ফলে দেশের সাধারণ মানুষ সহজেই স্বাস্থ্যসেবা লাভের সুযোগ পাচ্ছেন। বর্তমান সরকারের এসব গণমুখী উদ্যোগের কারণে ইতোমধ্যে দেশে প্রসবকালীন মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর হার উল্লেখযোগ্য হারে কমে এসেছে। মানুষের গড় আয়ু বৃদ্ধি পেয়েছে।

# তথ্য কণিকা

| | | |
|---|---|---|
| প্রকল্পেরনাম | : | আরবান প্রাইমারী হেলথ-কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রকল্প |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ |
| প্রকল্প অনুমোদন | : | মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৪-০৭-২০১২ তারিখে একনেক সভায় প্রকল্পটি অনুমোদন করেন |
| অর্থায়নের উৎস | : | এশীয় উন্নয়ন ব্যাংক, সুইডিস সিডা ও বাংলাদেশ সরকার |
| প্রকল্প ব্যয় | : | মোট ৬৫৯.৬৪ কোটি |
| জিওবি | : | ৭৬.১২ কোটি |
| প্রকল্প সাহায্য | : | ৫৮৩.৫২ কোটি টাকা |

## উদ্দেশ্য

শহর এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম সম্প্রসারণ ও মান উন্নয়ন

শহরের দরিদ্র জনগণ বিশেষ করে নারী ও শিশুদের প্রাথমিক স্বাস্থ্যসেবার ব্যবহার বৃদ্ধি

প্রাথমিক স্বাস্থসেবা প্রদানের জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা শক্তিশালীকরণ

প্রাথমিক স্বাস্থ্যসেবা সরবরাহের লক্ষ্যে এবং এর স্থায়িত্ব বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় প্রতিষ্ঠানসমূহের নিজ নিজ নির্ধারিত দায়িত্ব পালনের জন্য দক্ষতা ও দায়িত্বশীলতা বৃদ্ধিকরণ

## পূর্তকাজ

১০ টি ৬ তলা বিশিষ্ট নগর মাতৃসদন ভবন নির্মাণ

১৯ টি ৩ তলা বিশিষ্ট নগর স্বাস্থ্য কেন্দ্র নির্মাণ

৫১ টি নগর স্বাস্থ্যকেন্দ্র এবং ৯ টি নগর মাতৃসদন ভবন মেরামত

৪টি নগর স্বাস্থ্যকেন্দ্র সম্প্রসারণ

পূর্তকাজের মোট বরাদ্দ : ১২৭.০০ কোটি

পূর্তকাজের বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

## নগর মাতৃসদন ভবন

ফ্লোর এরিয়া: প্রতি ফ্লোর ৩৬৫৮.৪০ বর্গফুট করে মোট ২১৯৫০.৪০ বর্গফুট।

উল্লেখযোগ্য সুবিধাসমূহ:

রোগী পরিবহনের জন্য লিফ্‌ট

জেনারেটর, সাবস্টেশন, গাড়ী পার্কিং

অপারেশন থিয়েটার, পোষ্ট অপারেটিভ কক্ষ, অবজারভেশন কক্ষ

আলট্রাসনো কক্ষ, প্যাথোলজি কক্ষ, বহিরাগত রোগীদের বসার স্থান

কেবিন ৪টি, সাধারণ বেড ২৬ টি

মেডিসিন কর্ণার, চিকিৎসকদের বসার কক্ষ, প্রশিক্ষণ কক্ষ

৫ম তলায় নার্সদের জন্য ডরমিটরি এবং একজন ডাক্তারের বাসস্থান।

## নগর স্বাস্থ্যকেন্দ্র ভবন

ফ্লোর এরিয়া: প্রতি ফ্লোর ২৭৪০.০০ বর্গফুট করে মোট ৮২২০.০০ বর্গফুট।

উল্লেখযোগ্য সুবিধাসমূহ:

পার্কিং স্পেস, ইপিআই কর্ণার, ওআরটি কক্ষ, গার্ড রুম, টয়লেট

বহিরাগত রোগীদের বসার স্থান, অভ্যর্থণা কক্ষ, স্টোর রুম, ক্লিনিক ম্যানেজারের কক্ষ

কাউন্সিলিং কক্ষ, ওয়াশরুম, প্যাথলজি রুম, মেডিসিন কর্ণার, এমআর কক্ষ

রিকোভারী ওয়ার্ড, অটোক্লেভ কক্ষ ,প্যারামেডিক্স এর কক্ষ।








